বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "সার্ভেস অ্যান্ড স্টাডিজ রিলেটিং টু জিডিপি রিবেটইজিং ২০১৫-১৬" প্রকল্প "নির্বাচিত অর্থনৈতিক কর্মকাণ্ড বিষয়ক ছয়টি সমীক্ষার প্রতিবেদন ২০২০" "(Report on the six Case Studies on Selected Economic Activities 2020)" শীর্ষক বাংলার পাশাপাশি ইংরেজি ভার্ষণ প্রকাশনার পাণ্ডুলিপিটি চূড়ান্তকরণের লক্ষ্যে প্রতিবেদন যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | শেখ মোঃ কাবেদুল ইসলাম<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ৩ জানুয়ারি ২০২২, সোমবার |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ ব্লক-বি, লেভেল-১০, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি প্রতিবেদন যাচাই-বাছাই কমিটির সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "সার্ভেস অ্যান্ড স্টাডিজ রিলেটিং টু জিডিপি রিবেটইজিং ২০১৫-১৬" প্রকল্প "নির্বাচিত অর্থনৈতিক কর্মকাণ্ড বিষয়ক ছয়টি সমীক্ষার প্রতিবেদন ২০২০" "(Report on the six Case Studies on Selected Economic Activities 2020)" শীর্ষক বাংলার পাশাপাশি ইংরেজি ভার্ষন প্রকাশনার পাণ্ডুলিপিটি উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।

০২। **সভাপতির অনুমতিক্রমে প্রকল্পের প্রকল্প পরিচালক** জনাব আবদুল খালেক এর অনুপস্থিতিতে ন্যাশনাল একাউন্টিং উইং এর পরিচালক জনাব জিয়াউদ্দীন আহম্মেদ সভায় প্রকাশনাটি উপস্থাপন করেন। তিনি বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) অফিসিয়াল পরিসংখ্যান তৈরি, পরিসংখ্যান কার্যক্রম সমন্বয় এবং দেশের পরিসংখ্যানগত মান বজায় রাখার জন্য দায়িত্বপ্রাপ্ত সংস্থা। দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা (এনএসও) হিসেবে বিবিএস সামাজিক-অর্থনৈতিক, সামাজিক-জনতাত্ত্বিক এবং পরিবেশগত তথ্য নিয়মিতভাবে বিস্তৃত পরিসরে সংগ্রহ, সংকলন, বৈধতা যাচাইকরণ এবং প্রকাশ করে থাকে। এছাড়াও, বিবিএস আন্তর্জাতিক নির্দেশিকা এবং মানদণ্ডের ভিত্তিতে বার্ষিক জাতীয় আয়ের হিসাব প্রাক্কলন করে থাকে। একটি দেশের নীতি প্রণয়নের জন্য সঠিক জিডিপি প্রাক্কলন অত্যাবশ্যক। কারণ জিডিপি সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ডের একটি মৌলিক সূচক। সবধরনের অর্থনৈতিক কর্মকান্ডের সাথে তথ্যের নিরবচ্ছিন্নতা অনুসরণপূর্বক বৃহত্তর অন্তর্ভুক্তিকরণসহ সঠিক জিডিপি প্রাক্কলন একটি শ্রমসাধ্য এবং ব্যাপক মাত্রার কাজ। জিডিপি প্রাক্কলনে অন্তর্ভুক্তির ঘাটতি স্তর এবং প্রবণতা উভয় ক্ষেত্রেই ব্যবহারকারীদের সমস্যা সৃষ্টি হয়। সভাপতি, "নির্বাচিত অর্থনৈতিক কর্মকাণ্ড বিষয়ক ছয়টি সমীক্ষার প্রতিবেদন ২০২০" "(Report on the six Case Studies on Selected Economic Activities 2020)" শীর্ষক বাংলার পাশাপাশি ইংরেজি ভার্ষণ প্রকাশনার পাণ্ডুলিপি বিষয়ে সদস্যদের মতামত প্রদানের আহবান জানান। প্রতিবেদন যাচাই-বাছাই কমিটির সদস্য-সচিব, খন্দকার মোঃ মাহাবুবুর রহমান জানান যে, বাংলা ও ইংরেজিতে প্রণীত জরিপ প্রতিবেদনের বিভিন্ন অংশ যাচাই-বাছাইপূর্বক

মতামতসহ সভায় উপস্থাপনের জন্য কমিটির সম্মানিত সদস্যগণের নিকট আগেই বিতরণ করা হয়েছে।

২.১ সভাপতির অনুমতিক্রমে, কমিটির সম্মানিত সদস্যগণ প্রতিবেদনটির সংশ্লিষ্ট অংশ যাচাই-বাছাই করে যেসব ক্ষেত্রে বাক্য বিন্যাসে অসংগতি, গ্রাফ, চার্ট ও টেবিলে উপস্থাপিত তথ্যাদির ক্ষেত্রে যে সকল ভুল/ত্রুটি চিহ্নিত করেছেন সেগুলো সভাকে অবহিত করেন। কমিটির সম্মানিত সকল সদস্যই "নির্বাচিত অর্থনৈতিক কর্মকান্ড বিষয়ক ছয়টি সমীক্ষার প্রতিবেদন ২০২০" "(Report on the six Case Studies on Selected Economic Activities 2020)" শীর্ষক বাংলার পাশাপাশি ইংরেজি ভার্ষন প্রকাশনার পান্ডুলিপিতে উল্লিখিত তথ্যাদির অধিকাংশ ক্ষেত্রে অনেক ভুল ও অসামঞ্জস্য রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।

২.২ এ পর্যায়ে সভাপতি বলেন, কমিটির সদস্যগণ কর্তৃক "নির্বাচিত অর্থনৈতিক কর্মকান্ড বিষয়ক ছয়টি সমীক্ষার প্রতিবেদন ২০২০" "(Report on the six Case Studies on Selected Economic Activities 2020)" শীর্ষক বাংলার পাশাপাশি ইংরেজি ভার্ষন প্রকাশনার পান্ডুলিপিতে উপস্থাপিত তথ্য-উপাত্ত, গ্রাফ, চার্ট ও টেবিলে অনেক ভুল/ত্রুটি রয়েছে। বিবিএস এর এডিটরস ফোরাম কর্তৃক পুঙ্খানুপুঙ্খ যাচাই-বাছাই করে প্রতিবেদনের খসড়া চূড়ান্ত করে সংশ্লিষ্ট প্রতিবেদন চূড়ান্ত অনুমোদনের জন্য এ বিভাগে প্রেরণ করার কথা। এ ক্ষেত্রে প্রতিবেদনটি সংশ্লিষ্ট এডিটরস ফোরাম কর্তৃক যথাযথ যাচাই-বাছাই করা হলে এতো ভুল থাকার কথা নয়। চূড়ান্ত অনুমোদনের জন্য এ বিভাগে প্রেরণের পূর্বে বিবিএস এর এডিটরস ফোরামকে সকল প্রতিবেদন পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই-বাছাই করতে হবে। এ প্রতিবেদনটির যেসব ক্ষেত্রে বাক্য বিন্যাসে অসংগতি, গ্রাফ, চার্ট ও টেবিলের উপস্থাপিত তথ্য-উপাত্তের অসামঞ্জস্যসহ ভুল/ত্রুটি কমিটির সম্মানিত সদস্যগণ চিহ্নিত করে সংশোধনের সুপারিশ করেছেন তা পুঙ্খানুপুঙ্খ পরীক্ষা করে সংশোধন করতে হবে। সভায় প্রাপ্ত সুপারিশ মোতাবেক সংশোধন সাপেক্ষে প্রকাশনাটি পুনরায় চূড়ান্ত অনুমোদনের জন্য এবিভাগে প্রেরণ করতে হবে।

৩। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) "নির্বাচিত অর্থনৈতিক কর্মকান্ড বিষয়ক ছয়টি সমীক্ষার প্রতিবেদন ২০২০" "(Report on the six Case Studies on Selected Economic Activities 2020)" শীর্ষক বাংলার পাশাপাশি ইংরেজি ভার্ষন প্রকাশনার পান্ডুলিপিটির যেসব ক্ষেত্রে বাক্য বিন্যাসে অসংগতি, গ্রাফ, চার্ট ও টেবিলে উপস্থাপিত তথ্য-উপাত্তে অসামঞ্জস্যসহ অসংখ্য ভুল/ত্রুটি চিহ্নিত করে সংশোধনের সুপারিশ করা হয়েছে তা পুঙ্খানুপুঙ্খ পরীক্ষা করে সংশোধন করতে হবে;

(খ) বিবিএস এর এডিটরস ফোরাম কর্তৃক পুনরায় প্রতিবেদনসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই-বাছাইপূর্বক এ বিভাগে প্রেরণের লক্ষ্যে মহাপরিচালক, বিবিএস প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন;

(গ) সংশোধিত প্রকাশনাটি প্রকাশের নিমিত্ত চূড়ান্ত অনুমোদনের জন্য এ বিভাগে প্রেরণ করতে হবে।

৪। অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০১৯.১৬.০৩২.১৯-২১

তারিখ: ৪ মাঘ ১৪২৮

১৮ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৩) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৪) যুগ্মসচিব, যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৫) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৬) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৭) উপসচিব , উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৮) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৯) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-৩ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

১০) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।

১১) সিনিয়র সহকারী সচিব, তথ্য ব্যবস্থাপনা-২ শাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

১২) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

১৩) উপপরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং, জাতীয় ব্যয় , বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

১৪) সহ. মেইনটেন্যান্স ইঞ্জি. (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা-১, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (এ বিভাগের ওয়েবসাইডে আপলোড করার অনুরোধসহ)।

১৫) ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

খন্দকার মো: মাহাবুবুর রহমান
সিনিয়র সহকারী সচিব